

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১২২

বিলৌনীয়া, ০৮ ডিসেম্বর, ২০২৩

বিলৌনীয়ায় রাজ্যভিত্তিক বালিকা অনুর্ধ্ব ১৭ ফুটবল প্রতিযোগিতা

রাজ্যভিত্তিক অনুর্ধ্ব ১৭ বছর বয়সী বালিকাদের ফুটবল প্রতিযোগিতা গতকাল থেকে বিলৌনীয়ার বি কে আই মাঠে শুরু হয়েছে। চলবে আগামী ৯ ডিসেম্বর পর্যন্ত। এতে মোট ৯টি দল অংশ নিয়েছে। বিলৌনীয়ার পুরাতন টাউন হল প্রাঙ্গনে গতকাল এই প্রতিযোগিতার উদ্বোধন করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি কাকলী দাস দত্ত। তিনি তার ভাষণে বলেন, ফুটবল খেলা শারীরিক ও মানসিক দুই দিকেই আমাদের সুস্থ রাখে। তাই ফুটবল খেলাকে আমাদের রাজ্যে আরও জনপ্রিয় করে তুলতে হবে। প্রধান অতিথি বিধায়ক স্বপ্না মজুমদার বলেন, রাজ্য সরকার খেলাধুলার মানোন্নয়নে সদা সচেষ্ট রয়েছে। এই প্রতিযোগিতা বালিকাদের ফুটবলের প্রতি আরো আগ্রহী করে তুলবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ঋষ্যমুখ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বকুল দেবী দেবনাথ, সমাজসেবী গৌতম সরকার, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ, দপ্তরের জেলা আধিকারিক মিহির শীল প্রমুখ। উদ্বোধনী ম্যাচে টাইব্রেকারে গোমতী জেলা ৩-১ গোলে সিপাহীজলা জেলাকে পরাজিত করে।
